

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

বিষয়: “হিলি, বুড়িমারি ও বাংলাবান্ধা এলসি স্টেশনের ভৌত অবকাঠামো নির্মাণ” প্রকল্পের Project Steering Committee (PSC) সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	২২-০৬-২০২৩
সভার সময়	১১:৩০ ঘটিকা
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত করা হলো:

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। এডিপিভুক্ত প্রকল্পটির উপর বিস্তারিত আলোচনায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা, বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক-কে অনুরোধ করা হয়:

০২। প্রকল্প পরিচালক নিম্নোভাবে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন:

(i) স্থল শুল্ক স্টেশন, বুড়িমারী, লালমনিরহাট অংশ:

গণপূর্ত বিভাগ, লালমনিরহাট কর্তৃক দাপ্তরিক ভবনের জন্য মাটি কাটার কাজ চলমান রয়েছে। স্টাফ কোয়ার্টারস ভবনের জন্য সিসি ঢালাই এর কাজ চলমান রয়েছে। ডরমেটরি ভবনের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে ও সিপাই ব্যারাক ভবন নির্মাণের জন্য বেজ ঢালাই এর কাজ চলমান রয়েছে। স্থল শুল্ক স্টেশন, বুড়িমারী অংশে ভৌত কাজের অগ্রগতি দাপ্তরিক ভবন-০৫%, স্টাফ কোয়ার্টারস ভবন-০৭% এবং সিপাই ব্যারাক ভবন-১০% করা হয়েছে।

(ii) স্থল শুল্ক স্টেশন, হিলি, দিনাজপুর অংশ:

স্থল শুল্ক স্টেশন, হিলি অংশে ৫ম তলা অফিস ভবনের সিসি ঢালাই সম্পন্ন। গ্রেড বীম ঢালাই এর প্রস্তুতি চলমান রয়েছে, স্টাফ কোয়ার্টারস ভবন নির্মাণের ১ম তলার ছাদের সাটারিং এর কাজ চলমান রয়েছে। এছাড়া ডরমেটরি ভবনের গ্রেড বীম ও শর্ট কলামের কাজ চলমান রয়েছে। স্থল শুল্ক স্টেশন, হিলি অংশে ভৌত কাজের অগ্রগতি (ক) দাপ্তরিক ভবন-১৫% (খ) স্টাফ কোয়ার্টারস ভবন-১৫%, ডরমেটরি ভবন-১২% করা হয়েছে।

(iii) স্থল শুল্ক স্টেশন, বাংলাবান্ধা, পঞ্চগড় অংশ:

গণপূর্ত বিভাগ, পঞ্চগড় এ দপ্তরকে অবহিত করেন যে, দাপ্তরিক ভবন নির্মাণের লক্ষ্যে মাটি কাটার কাজ চলমান রয়েছে। (০৩ (তিন) তলা ডরমেটরি ভবনের ১ম তলার ছাদ ঢালাইয়ের কাজ চলমান এবং স্টাফ কোয়ার্টারস ভবনের বেজ ঢালাই এর প্রস্তুতি চলমান ও কলাম ঢালাই এর কাজ চলমান রয়েছে এবং (ঘ) সিপাই ব্যারাক ভবনের ছাদ ঢালাই এর প্রস্তুতি চলমান রয়েছে। স্থল শুল্ক স্টেশন, বাংলাবান্ধা অংশে ভৌত কাজের অগ্রগতি দাপ্তরিক ভবন-০২%, ০৩ (তিন) তলা ডরমেটরি ভবন-১৫%, স্টাফ কোয়ার্টারস ভবন-১০% এবং সিপাই ব্যারাক ভবন-১৫% করা হয়েছে।

০৩। প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা:

প্রকল্পের বাংলাবান্ধা স্থল শুল্ক স্টেশন, পঞ্চগড়, হিলি স্থল শুল্ক স্টেশন, দিনাজপুর অংশে নির্মাণ কার্যক্রম পুরোপুরি শুরু

হয়েছে এবং বুড়িমারী স্থল শুল্ক স্টেশন, লালমনিরহাট অংশে নির্মাণ কাজ আংশিক শুরু হয়েছে। নির্ধারিত সময় ৩০ জুন, ২০২৪ এর মধ্যে প্রকল্পের সম্পূর্ণ কার্যক্রম শেষ করার চেষ্টা করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

প্রকল্প পরিচালক আরও জানান যে, প্রকল্পটি চালু হওয়ার ১ জুলাই, ২০২১ তারিখ এবং সমাপ্তির মেয়াদ ৩০ জুন, ২০২৪ তারিখ। কিন্তু প্রকল্পটি “সি” ক্যাটাগরির অর্ন্তভুক্ত হওয়ায় এবং ১১ মে, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত প্রকল্পের পিডি ও ডিপিডি নিয়োগ না হওয়ায় প্রকল্পটির ভৌত কার্যক্রম গত মার্চ/২০২৩ তারিখে শুরু হয়। এক্ষেত্রে পূর্বোক্ত সময়ে প্রকল্পের কার্যক্রম শেষ হওয়া সম্ভব নয় মর্মে গণপূর্ত বিভাগের সাথে আলোচনায় জানা যায়। সে কারণে উক্ত প্রকল্পটি সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পের মেয়াদ বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাকে অবহিত করেন।


এ বিভাগের যুগ্মসচিব পরিকল্পনা সভাকে জানান যে, উক্ত প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে ৫.০০ (পাঁচ) কোটি টাকা বরাদ্দ রয়েছে এবং এ বিভাগ হতে ২.৪৫৫০ (দুই কোটি পয়তাল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, প্রতিটি প্রকল্পের বরাদ্দ চাহিদার ক্ষেত্রে অর্থবছরের শুরুতে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং উক্ত ক্রয় পরিকল্পনা অনুযায়ী যে পরিমাণ অর্থ ব্যয় করতে পারবে, সেই পরিমাণ বাজেট বরাদ্দ প্রদানের জন্য চাহিদা প্রেরণ করতে হবে। যাতে করে উক্ত প্রকল্পের অর্থনৈতিক অগ্রগতির সাথে বাস্তবায়ন অগ্রগতির সামঞ্জস্য থাকে। তিনি আরও জানান যে, ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপারগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করতে হবে।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী সংস্থা
প্রকল্প সমাপ্তির তারিখের ন্যূনতম ৬মাস পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৯.০৬.০০১.২০.১৫৮


তারিখ: ২০ আষাঢ়, ১৪৩০

০৪ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) যুগ্ম সচিব, বাজেট-৭ অধিশাখা, অর্থ বিভাগ
- ৪) সদস্য (অতিরিক্ত দায়িত্ব), শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
- ৫) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৬) সদস্য (অতিরিক্ত দায়িত্ব), শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
- ৭) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

- ৮) প্রকল্প পরিচালক, “হিলি, বুড়িমারি ও বাংলাবান্ধা এলসি স্টেশনের ভৌত অবকাঠামো নির্মাণ” প্রকল্প। .
- ৯) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ১০) যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।


৪/৭/২৩
কানাই লাল শীল
সিনিয়র সহকারী সচিব